# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 21 June, 2025

গল টেস্টে দাপট দেখালেও শেষ পর্যন্ত শ্রীলঙ্কার সঙ্গে ফলাফল ভাগাভাগি করেছে বাংলাদেশ।গলে আগে ব্যাট করতে নেমে নিজেদের প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ৪৯৫ রান করেছিল বাংলাদেশ।জবাবে শ্রীলঙ্কা থামে ৪৮৫ রানে।১০ রানের লিড নিয়ে দ্বিতীয় ইনিংসে খেলতে নেমে ৬ উইকেটে ২৮৫ রান তুলে ইনিংস ঘোষণা করে বাংলাদেশ।এরপর শ্রীলঙ্কা ৪ উইকেট ৭২ রান করলে পঞ্চম দিনের শেষ বিকালে দুই দল ড্র মেনে নেয়।

দুই ইনিংসেই দারুণ বোলিং করেছেন বাংলাদেশের স্পিনাররা।তাতে ম্যাচ শেষে স্পিনারদের প্রশংসা করেছেন অধিনায়ক নাজমুল হোসেন শান্ত।

শান্ত বলেন, ‘যেভাবে তাইজুল ও নাঈম বল করেছে (ইনিংস ঘোষণার পর) তা দারুণ।এই ধরণের কন্ডিশনে প্রথম ইনিংসে নাঈম যেভাবে বোলিং করেছে তা ছিল দুর্দান্ত।সে খুব বেশি সুযোগ পায়নি (ম্যাচ খেলার) কিন্তু তার ওয়ার্ক এথিক দারুণ, সে দেখিয়েছে সে কতটা ভালো’

টাইগার অধিনায়ক গল টেস্টের দুই ইনিংসেই সেঞ্চুরি করে জিতেছেন ম্যাচ সেরার পুরস্কার।টেস্টে দুই ইনিংসে সেঞ্চুরি করার কীর্তি ছিল আগে আরও ১৪ জনের।কিন্তু দুবার করে এমন কীতি আছে শুধু শান্তসহ বারো জনের।

এ প্রসঙ্গে ম্যাচ শেষে টাইগার অধিনায়ক বলেন, ‘আমি জানতাম না, কিন্তু দলে অবদান রাখতে পেরে ভালো লাগছে।দুর্দান্ত কামব্যাক। যেভাবে মুশফিক ভাই আমার সাথে ব্যাটিং করেছে, তা ছিল দুর্দান্ত।আমাদের অতটা আত্মবিশ্বাস ছিল না (জিম্বাবুয়ের বিপক্ষে), কিন্তু এই সিরিজের পূর্বে আমরা দারুণ প্রস্তুতি নিয়েছি এবং ম্যাচে সেটা দেখিয়েছি’

বাংলাদেশ শ্রীলঙ্কা সিরিজ বাংলাদেশ ক্রিকেট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 08:32

URL: https://timestodaybd.com/sports/7758073529